



খুলনা সিটি মেডিকেল কলেজ হাসপাতালে অগ্নিকাণ্ড



সংগৃহীত ছবি

খুলনার বেসরকারি সিটি মেডিকেল কলেজ হাসপাতালে অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে। বৃহস্পতিবার (১১ জুন) রাত সাড়ে ৯টার দিকে হাসপাতাল ভবনে আগুনের সূত্রপাত হয়।

ফায়ার সার্ভিস জানিয়েছে, রাত ৯টা ৩৫ মিনিটে আগুন লাগার খবর পেয়ে খুলনা সদর ফায়ার স্টেশনের একাধিক ইউনিট ঘটনাস্থলে যায়। কয়েক মিনিটের মধ্যেই তারা পৌঁছে আগুন নিয়ন্ত্রণের কাজ শুরু করে।

প্রাথমিক তথ্য অনুযায়ী, হাসপাতালের ১৭ তলা ভবনের নিচতলায় আগুনের উৎপত্তি হয়েছে। তবে কী কারণে আগুন লেগেছে, তা এখনও নিশ্চিত হওয়া যায়নি।

আগুন নিয়ন্ত্রণে ফায়ার সার্ভিসের ১২টি ইউনিট কাজ করছে। তৎক্ষণিকভাবে হতাহত বা ক্ষয়ক্ষতির কোনো তথ্য পাওয়া যায়নি।

ঘটনার কারণ ও ক্ষয়ক্ষতির পরিমাণ জানতে তদন্ত চলছে বলে সংশ্লিষ্ট সূত্র জানিয়েছে।